# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫১৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৪. নারীর যৌনাঙ্গ ও পশ্চাদ্বার এবং পুরুষাঙ্গ স্পর্শ করা সম্পর্কিত বর্ণনা এবং তার বিধান

بَابُ مَا رُوِيَ فِي لَمْسِ الْقُبُلِ وَالدُّبُرِ وَالذَّكَرِ ، وَالْحُكْمُ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ يُونُسَ بْنِ يَاسِينَ ، نَا إِسْحَاقُ بْنُ أَبِي إِسْرَائِيلَ ، نَا مُحَمَّدُ بْنُ جَابِرٍ ، عَنْ قَيْسِ بْنِ طَلْقٍ ، عَنْ أَبِيهِ ، قَالَ : أَتَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَهُمْ يُؤَسِّسُونَ مَسْجِدَ الْمَدِينَةِ ، قَالَ ، وَهُمْ يَنْقُلُونَ الْحِجَارَةَ ، قَالَ : فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، أَلَا نَنْقُلُ كَمَا يَنْقُلُونَ ، قَالَ : " لَا ، وَلَكِنِ اخْلِطْ لَهُمُ الطِّينَ يَا أَخَا الْيَمَامَةِ ، فَأَنْتَ أَعْلَمُ بِهِ " ، قَالَ فَجَعَلْتُ أَخْلِطُ لَهُمْ وَيَنْقُلُونَهُ

বাংলা

৫১৯(১৪). ইসমাঈল ইবনে ইউনুস ইবনে ইয়াসীন (রহঃ) ... কায়েস ইবনে তালক (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এলাম, তখন তাঁরা মদীনার মসজিদের (নববীর) ভিত্তি স্থাপন করছিলেন। রাবী বলেন, তারা (সাহাবীগণ) পাথর বহন করে আনছিলেন। রাবী বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমিও কি তাদের মত পাথর বয়ে আনবো? তিনি বলেনঃ না, বরং হে ইয়ামামা (অঞ্চলের) ভ্রাতা! তুমি (পাথরের গাথনী দিতে) তাদের জন্য মাটি দিয়ে মসলা তৈরি করো। কারণ এ কাজটা তুমি অধিক ভালো জানো। অতএব আমি তাদের জন্য মাটির মসলা তৈরি করলাম এবং তাঁরা তা তুলে নিতে থাকে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কায়েস ইবনে তালক (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80308

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন